

রাজীব গান্ধী ইন্সটিটিউটে
মাস্টার ডিগ্রি প্রোগ্রামের
উদ্বোধন ড. ইউনুসের

■ ইন্ডেক্স রিপোর্ট

ভারতে রাজীব গান্ধী ইন্সটিটিউটে সোশ্যাল এন্টারপ্রিনিউরশিপ অ্যান্ড ইনোভেশন শীর্ষক মাস্টার ডিগ্রি প্রোগ্রাম গতকাল বুধবার সকালে উদ্বোধন করেন শান্তিতে নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুস। ৭ দিনের সফরে বর্তমানে তিনি ভারতে রয়েছেন। চেন্নাই থেকে ৪০ কিলোমিটার দূরে স্লিপেরুমবুদুরে রাজীব গান্ধী ন্যাশনাল ইন্সটিটিউশন অব ইয়ুথ ডেভেলপমেন্টে (আরজিএনআইওয়াইডি) বিশেষ বক্তৃতা ও এই কর্মসূচি উদ্বোধনের জন্য তাকে আমন্ত্রণ জানানো হয়েছিল। ভারতের কেন্দ্রীয় যুব মন্ত্রণালয়ের সচিব রাজিব গুপ্তা ড. মুহাম্মদ ইউনুসকে চেন্নাইয়ে অভ্যর্থনা জানান। ভারতের সাবেক প্রধানমন্ত্রী রাজীব গান্ধী স্মরণেই রাজীব গান্ধী

পৃষ্ঠা ২ কলাম ২

রাজীব গান্ধী ইন্সটিটিউটে

২০ পৃষ্ঠার পর

ইন্সটিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে।

ইউনুস সেন্টারের এক প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়। একই দিন সন্ধ্যায় চেন্নাইয়ে টিআইই আয়োজিত অনুষ্ঠানে শিল্পপতি ও ব্যবসায়ীদের উদ্দেশ্যেও একটি বিশেষ বক্তৃতা দেন ড. ইউনুস। এ অনুষ্ঠানে প্রায় ৩শ ব্যবসায়ী ও উদ্যোক্তা উপস্থিত ছিলেন। ব্যাঙ্গালুরুতে নতুন প্রতিষ্ঠিত হেলথকেয়ার সিটির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যোগ দিতে গতকালই তিনি চেন্নাই ছেড়ে গেছেন।